বিনামূল্যে পেঁয়াজ বীজ ও রাসায়নিক সার বিতরণ

কৃষিই সমৃদ্ধি-এই স্লোগানকে সামনে রেখে ঝিনাইদহের শৈলকুপা উপজেলা পরিষদ হলরুমে সোমবার সকাল ১১টায় কৃষি প্রনোদনা কর্মসূচীর আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে খরিপ /২০২২-২০২৩ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে পেঁয়াজ বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার কানিজ ফাতেমা লিজা এর সভাপতিত্বে বিতরন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন-ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ পরিচালক কৃষিবিদ মো: আজগর আলী, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালু প্রমুখ।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এম হাকিম আহমেদ, উপজেলা আওয়ামী লীগের আহ্বায়ক মতিয়ার রহমান বিশ্বাস।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার ড, মাহফুজুর রহমান এবং পরিচালনা করেন উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আবুল হাসনাত।

অনুষ্ঠানে ৫০০ জন কৃষকদের মাঝে পেঁয়াজ বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়। কৃষক প্রতি গ্রীষ্মকালীন ঘ-৫৩ ভ্যরাইটির এক কেজি পেঁয়াজ বীজ ও ২০ কেজি পটাশ এবং ২০ কেজি ডিএপি সার, পলিথিন, বিভিন্ন উপকরণ সহ ২৮০০ টাকা বিতরণ করা হয়। অনুষ্ঠান শেষে আগত অতিথিবৃন্দ ফলমেলা ২০২২ উদ্বোধন করেন।

কোটচাঁদপুর পল্লীতে নিজের জন্য গড়া কবরের উপরে বসবাস নুর ইসলাম দম্পতির

নিজেদের জন্য গড়া কবরের উপরই বসবাস করছেন নুর ইসলাম ফকির আর সালেহার ফকির দম্পতি। মৃত্যুর পর ওই স্থানে কবর হবে,স্বজনদের কাছে এমন ইচ্ছে প্রকাশও করেছেন তারা। এ স্থাপনাটি গড়ে উঠেছে কোটচাঁদপুর উপজেলার জিয়েল গাড়ির মাঠে।

জানা যায়, নুর ইসলাম ফকির (৭০)। সে উপজেলার দোড়া ইউনিয়নের দয়ারামপুর গ্রামের মৃত আলিম উদ্দিনের ছেলে। পিতা-মাতার মোট ১১ জন ছেলে মেয়ে। যার মধ্যে রয়েছে ৭টি ছেলে আর ৪টি মেয়ে। এরমধ্যে নুর ইসলাম সবার বড়। ছোট বেলা থেকে তিনি ছিলেন লালন ভক্ত। ভালবাসতেন লালনকে। সে থেকে হাটা ফকিরের পথে।

ছেলেবেলা কেটেছে দয়ারামপুর গ্রামে। লেখাপড়া করেছেন দয়ারাম প্রাথমিক বিদ্যালয়ে। এরপর পাঁচলিয়া মাধ্যমিক বিদ্যালয়ে। তবে তিনি মাধ্যমিকের গন্ডি পেরুতে পারেননি।

এরমধ্যে তিনি বসেন বিয়ের পিড়িতে। জোরালো হয় ফকিরি পথে হাটা। বেশ ভুষা পাল্টাতে থাকেন নুর ইসলাম। মুখে দাড়ি,পরনে সাদা মার্কিন কাপড় আর হাতে তামার রিং। এসবের কারনে বাধা আসতে থাকে ফকিরিতিতে। ওই সময় এসে আস্থানা গাড়েন দোড়ার জিয়েল গাড়ির মাঠে। বর্তমানে সেখানে গড়ে তুলেছেন ফকিরদের জন্য আশ্রম।

এ ব্যাপারে ফকির নুর ইসলাম বলেন, লালন ফকিরকে ভালবেসে এ ফকিরি পথে আসা। এ পথে আসায় অনেক বাধা বিপত্তি মোকাবিলা করতে হয়েছে আমাকে। গ্রাম ছেড়ে বসবাস করতে হয়েছে মাঠে। এ কারনে বাকি জীবনটা চাই এ পথে কাটিয়ে দিতে।

এসব ভেবে পৈত্রিক সম্পতির কিছু অংশ জুড়ে গড়ে তুলেছি কবর। আর বাকি অংশে রয়েছে আমার বসত ভিটা। কিছু দিনের মধ্যে আমি ওই কবর স্থানটি ফকিরদের নামে উৎস্বর্গ করে দিবো। যাতে করে আমার অবর্তমানে জায়গাটা নষ্ট না হয়।

তিনি বলেন, আর ওই কবর স্থানটিই হবে আমার স্ত্রী সালেহার ফকির আর

আমার শেষ স্থান। যা ইতোমধ্যে আমার স্বজন সহ সাধু ভাইদের কাছে জানিয়েছি। তিনি বলেন, সংসার জীবনে আমরা দুই কন্যা সন্তানের জনক। ইতোমধ্যে তাদেরকে পাত্রস্থও করা হয়েছে।

হরিণাকুণ্ডুতে বীর মুক্তিযোদ্ধার ইন্তেকাল

ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌরসভার সাবেক কাউন্সিলর ও বীর মুক্তিযোদ্ধা সাকের আলী মারা গেছেন। (ইন্না-লিল্লাহি ওয়া ইন্নাইলাহি রাজিউন)।

সোমবার (২০ জুন) সকাল সাড়ে ৭ ঘটিকার সময়ে মারা যান তিনি। বীর মুক্তিযোদ্ধা সাকের আলীর মৃত্যুকালে বয়স হয়েছিলো (৭০) বছর। তার বাড়ি হরিণাকুন্ডু উপজেলার বৈঠাপাড়া গ্রামে।

বেলা ৩ টায় তাকে তার নিজ বাসভবন প্রাঙ্গনে রাষ্টীয় মর্যাদায় গার্ড অফ অনার প্রদান করে উপজেলা প্রশাসন।

পরে মরহুমের নামাজের জানাজা শেষে পারিবার কবরস্থানে দাফন করা হয়।

একটি পুলিশ সদস্যদের গার্ড অফ অনার প্রদানের সময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার সুস্মিতা সাহা। উপস্থিত ঠিলেন ইউপি চেয়ারম্যান কামাল হোসেন,শরাফত দৌলা ঝন্টু, বীর মুক্তিযোদ্ধা ঝিনাইদহ জেলা সাবেক কমাণ্ডার রেজাউল ইসলাম গেন্দা,বীর মুক্তিযোদ্ধা হরিণাকুণ্ডু উপজেলা সাবেক কমাণ্ডার মহী উদ্দীন মাষ্টার,বীর মুক্তিযোদ্ধা তাহাজ উদ্দীন, বীর মুক্তিযোদ্ধা জামাল হোসেন,বীর মুক্তিযোদ্ধা আবুল হোসেন, বিজিবি হাবিলদার মোশারফ হোসেন,হোসেন সহ এলাকার গণ্যমান্য ব্যাক্তিবর্গ সহ আরও অনেকেই ।

মুক্তিযোদ্ধা সাকের আলীর স্ত্রী ১ ছেলে এবং ৩ কন্যা সন্তান রেখে গেছেন।

হরিনাকুণ্ডুতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে শিশুর মুত্যু

ঝিনাইদহের হরিনাকুন্ডু উপজেলার ভেড়াখালী গ্রামে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে সোয়াদ (সাড়ে ৩ বছর) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার সকাল ১১টার দিকে এ ঘটনা ঘটে। সোয়াদ ওই গ্রামের মোস্তাফিজুরের ছেলে।

জানা গেছে, সকালে সোয়াদ ঘরের মধ্যে খেলা করছিল। হঠাৎ বিদ্যুৎ এর মাল্টিবোডের সুইচ দিতে গেলে বিদ্যুৎস্পৃষ্ট হয়।

পরে তাকে উদ্ধার করে ডাকবাংলার একটি হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত ডাক্তার সোয়াদকে মৃত ঘোষণা করেন। ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন সোনাতনপুর পুলিশ ক্যাম্পের এএসআই জিন্নাহ।

শৈলকুপায় মুক্তিযোদ্ধার জমি জোরপূর্বক দখলের চেষ্টা

ঝিনাইদহের শৈলকুপায় সীমানা পিলার উঠিয়ে দিয়ে বীর মুক্তিযোদ্ধার জমি জোরপূর্বক দখলের চেষ্টার অভিযোগ উঠেছে। ঘটনাটি উপজেলার ৬ নং সারুটিয়া ইউনিয়নের নাদপাড়া গ্রামে।

জমির মালিক বীর মুক্তিযোদ্ধা তোয়াজ উদ্দিন বিশ্বাস জানান, পৈত্তিক সূত্রে পাওয়া জমিটি দীর্ঘদিন যাবৎ সীমানা পিলার ও তাঁর কাটা দিয়ে ভোগ দখল করে আসছি। যার আর এস খতিয়ান নং ৩০৭, আর এস দাগ নং ৯১০, জমির পরিমান ৫.১৩ শতাংশ।

উপজেলার নাদপাড়া স্কুল মাঠের রাস্তার দক্ষিণ পাশে অবস্থিত আমার দখলীয় জমির সীমানা পিলার ও তাঁর কাটা হঠাৎ করে গত ১৫ জুন বুধবার

রাতে জালশুকা গ্রামের মৃত খেলাফত জোয়ার্দ্দারের ছেলে খলিলুর রহমান ও নাদপাড়া গ্রামের মঙ্গল খার ছেলে আব্দুর রাজজ্জাক তাদের সাঙ্গ পাঙ্গ নিয়ে জোর পূর্বক উঠিয়ে দিয়ে তা দখলের চেষ্টা করে।

এব্যাপারে থানায় একটি অভিযোগ দাখিল করেছি। বর্তমান নিরাপত্তাহীনতায় ভুগছি, আমি দোষীদের বিরুদ্ধে সুষ্ঠু বিচার চাই। তবে এব্যাপারে খলিলুর রহমান ও রাজ্জাকের সাথে মোবাইল ফোনে যোগাযোগ করে পাওয়া যাইনি।

শৈলকুপা থানার সেকেন্ড অফিসার আমিরুজ্জামান জানান, এব্যাপারে আমরা অভিযোগ পেয়েছি তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

ঝিনাইদহের দুই ইউনিয়নে আ’লীগ প্রার্থীর ভরাডুবি

ঝিনাইদহ সদর উপজেলার ২টি ইউনিয়ন পরিষদের নির্বাচনে আওয়ামী লীগ প্রার্থীদের ভরাডুবি হয়েছে। বিজয়ী হয়েছেন স্বতন্ত্র প্রার্থীরা।

প্রাপ্ত ফলাফলে জানা যায় সদর উপজেলার পাগলা কানাই ইউনিয়নে স্বতন্ত্র প্রার্থী আবু সাইদ বিশ্বাস মোটর সাইকেল প্রতিক নিয়ে ৭০১৪ ভোট পেয়ে বেসরকারী ভাবে বিজয়ী হয়েছেন।

তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আওয়ামী লীগের আতাউর রহমান আতা নৌকা প্রতিক নিয়ে পেয়েছেন ৩৯০৬ ভোট। অন্যদিকে সুরাট ইউনিয়ন পরিষদের নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী মোঃ আশরাফ হোসেন আনারস প্রতিক নিয়ে ৪০৭৩ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন, তার নিকটতম প্রতিদ্বন্দ্বী নৌকা প্রতিকের কবির হোসেন কেবি জোয়ারদার পেয়েছেন ৩৯০৪ ভোট।

তথ্য নিয়ে জানা গেছে, সীমানা জটিলতার কারণে আদালতে মামলা থাকায় এই দুটি ইউনিয়নে প্রথম মেয়াদ পার হওয়ার পর ৫ বছরের বেশি সময় ভোট গ্রহন স্থগিত ছিল।

যে কারনে ইউনিয়ন দুটিতে প্রায় একযুগ পর ভোট গড়্রহন অনুষ্ঠিত হয়। বুধবার সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত বিরতিহীন ভাবে ইভিএমএর

মাধ্যমে এই দুটি ইউনিয়নের ১৯টি কেন্দ্রে ভোট গ্রহন অনুষ্ঠিত হয়।

ভোট কেন্দ্র পরিদর্শণ কালে জেলা প্রশাসক মনিরা বেগম বলেন, ঝিনাইদহের দুটি ইউনিয়নে ভোটাররা অবাধ ও শান্তিপূর্ন ভাবে ভোটাধিকার প্রয়োগ করছেন। কোথাও কোন অপ্রীতিকর সংবাদ আমরা পায়নি।

ঝিনাইদহের পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম পিপিএম বলেন, কোথাও কোন ধরণের অভিযোগ ছাড়াই ভোটাররা তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পেরেছেন। ভোট অবাধ ও শান্তি পূর্ণ পরিবেশে ভোট গ্রহন সম্পন্ন হয়েছে।

হরিণাকুণ্ডুতে জনশুমারি ও গৃহগণনার উদ্বোধন

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে জনশুমারি ও গৃহগণনার উদ্বোধন করা হয়েছে। বুধবার সকালে এর উদ্বোধন করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসেন। এতে ইউএনও সুস্মিতা সাহা উপস্থিত ছিলেন।

এ উপলক্ষে সকালে একটি র্যালী বের হয়। এটি শহরের বিভিন্ন এলাকা প্রদক্ষিণ করে। ‘জনশুমারিতে তথ্য দিন, পরিকল্পিত উন্নয়নে অংশ নিন’ শ্লোগানে এবারের ডিজিটাল জনশুমারি ও গৃহগণনা কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে এর সাথে জড়িত কর্মকর্তা, সুপারভাইজার ও গণনাকারিদের প্রতি দিকনির্দেশনামূলক বক্তব্য দেন অতিথিবৃন্দ।

কোটচাঁদপুরে বিএনপি’র

বিক্ষোভ সমাবেশ

চাল, ডাল, তেল, গ্যাসসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির প্রতিবাদে ঝিনাইদহের কোটচাঁদপুরে বিএনপি’র বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সেমাবার বিকালে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসাবে কোটচাঁদপুর থানা ও পৌর বিএনপির আয়োজনে মেইন বাজার চত্তরে পৌর বিএনপির কার্যালয়ের সামনে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস.কে.এম সালাহ্উদ্দিন বুলবুল সিডল সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র সভাপতি মোঃ আব্দুর রাজ্জাক।

সভায় প্রধান বক্তা ছিলেন, জেলা বিএনপি’র সিনিয়র সদস্য মোঃ আবুবকর বিশ্বাস। সাংগঠনিক সম্পাদক মীর্জ টিপুর সঞ্চালনায় সমাবেশে বক্তব্য রাখেন, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক লিয়াকত আলী, উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান ও এলাঙ্গী ইউনিয়ন বিএনপি’র সভাপতি মোঃ ইকরামুল হক, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, পৌর বিএনপির নির্বাহী সদস্য ও সাবেক কাউন্সিলর শরাফৎ হোসেন পুটকে, পৌর বিএনপির ওয়ার্ড সভাপতি নেতা মোঃ মমিন মনোয়ার, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খাঁন মুকুল, সদস্য সচিব মামুন, পৌর যুবদলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান প্রমূখ।

বক্তারা বলেন, চাল, ডাল, তেল, গ্যাসসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধিতে মানুষের জীবন-জীবিকা হুমকির মূখে পড়েছে। এসময় তারা সরকারের সীমাহীন দূর্ণীতি, ভুলনীতি ও ব্যার্থতার দায়ে অবিলম্বে পদত্যাগ করে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা করার আহ্বান জানান।

না হলে, বিএনপি’র নের্তৃত্বে সারা দেশের মানুষ ঐক্যবদ্ধ হয়ে এ সরকারের বিরুদ্ধে রুখে দাঁড়াবে বলে হুশিয়ারী দেন। এসময় উপজেলা এবং পৌর বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

আইনি জটিলতায় ঝিনাইদহ পৌরসভা নির্বাচন স্থগিত

আইনি জটিলতার কারণে ঝিনাইদহ পৌরসভা নির্বাচন স্থগিত করেছে নির্বাচন কমিশন (ইসি)। রবিবার নির্বাচন কমিশনের উপসচিব আতিয়ার রহমান সাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানা গেছে।

আগামী ১৫ জুন ২০২২ বুধবার ঝিনাইদহ পৌরসভা নির্বাচন হওয়ার কথা ছিল। ইসির নির্বাচন পরিচালনা শাখার উপ-সচিব মোঃ আতিয়ার রহমান নির্বাচনের স্থগিত নির্দেশনা সংশ্লিষ্ট রিটার্নিং কর্মকর্তাকে পাঠিয়েছেন।

এতে বলা হয়, হাইকোর্ট এক আদেশে এক মাসের জন্য নির্বাচন স্থগিত করেছেন। হাইকোর্টে আদেশ প্রতিপালনার্থে পরবর্তীকালে আইনগত জটিলতা পরিহারের লক্ষ্যে ঝিনাইদহ পৌরসভার আগামী ১৫ জুন তারিখে অনুষ্ঠিতব্য সাধারণ নির্বাচন স্থগিত রাখার বিষয়ে সিদ্ধান্ত দিয়েছে ইসি।

এতে বলা হয়, বর্ণিতাবস্থায়, উপর্যুক্ত সিদ্ধান্ত অনুযায়ী পদ্ধতিগতভাবে প্রয়োজনীয় কার্যক্রম নেওয়ার জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো। নির্বাচনী আচরণবিধি ভঙ্গের দায়ে সম্প্রতি আওয়ামী লীগের মেয়র প্রার্থীর প্রার্থিতা বাতিল করেছিল ইসি।

ঝিনাইদহ রিটার্নিং কর্মকর্তা মো. অলিউল ইসলাম এ তথ্য নিশ্চিত করে জানান, আইনগত জটিলতার কারণে ঝিনাইদহ পৌরসভা নির্বাচন স্থগিত করা হয়েছে।

হরিণাকুণ্ডুতে মোটরসাইকেলের ধাক্কায় বৃদ্ধর মৃত্যু

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে দ্রুতগামী মোটরসাইকেল ধাক্কায় মোস্তফা
(৬০) নামের এক বৃদ্ধর মৃত্যু হয়েছে। রবিবার (১২জুন) আনুমানিক সকাল ১০টার দিকে উপজেলার রঘুনাথপুর ইউনিয়নের কাছারি তোলা গ্রামে এ দুর্ঘটনা ঘটে। নিহত মোস্তফা ওই গ্রামের মৃত ইজ্জত আলীর ছেলে।

এলাকাবাসী সূত্রে জানা গেছে, মোস্তফা তার বাড়ির সামনে পাকা রাস্তার উপর দাড়িয়ে থাকলে, দ্রুতগামী একটি মোটরসাইকেল তাকে ধাক্কা দিলে রাস্তার উপর ছিটকে পড়ে এবং শরীরের বিভিন্ন স্থানে আঘাত পায়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে হরিনাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসার জন্য নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

এ ব্যাপারে হরিণাকুণ্ডু স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মরত মেডিক্যাল সার্জনের সাথে যোগাযোগ করলে তিনি জানান, রোগীকে সকাল ১০.৪৫ মিনিটে ইমার্জেন্সিতে নিয়ে আসলে তাকে প্রাথমিক ভাবে চিকিৎসা দেওয়া হয়। রোগীর মাথার পেছনে ও নাক কান দিয়ে অতিরিক্ত রক্তক্ষরণ দেখা গিয়েছিলো। রোগীর অবস্থা অবনতি হলে আমরা উন্নত চিকিৎসার জন্য তাদেরকে বিশেষ ভাবে পরামর্শ দিয়েছিলাম। আমরা সার্বক্ষণিক রোগীর চিকিৎসার কাজে নিয়োজিত ছিলাম তবে ১১◌ঃ১০ ঘটিকায় তিনি চিকিৎসাধীন অবস্থায় মারা যান বলে জানান ডাঃ খন্দকার বনি আমিনা।

হরিণাকুণ্ডু থানার ইন্সপেক্টর (তদন্ত) রিয়াজুল ইসলাম জানান, এখন পর্যন্ত কোন মামলা হয়নি। পরিবারের পক্ষ থেকে অভিযোগ দিলে আইনানুগ ব্যাবস্থা গ্রহণ করা হবে।